

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
 পার-১ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০৫৬.১৮-২৬১

তারিখঃ-২১/১০/২০১৯ খ্রি:

বিষয়ঃ পাবনা মেডিকেল কলেজ, পাবনা এর ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ পামেক/২০১৯/২২২৬ তারিখঃ- ১৯/০৮/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রেক্ষ স্মারকের পরিপ্রেক্ষিতে পাবনা মেডিকেল কলেজ, পাবনা এর নিয়ম বর্ণিত সেবাসমূহ বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিয়োক্ত শর্তে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুসারে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল।

ক্র. নং:	সেবার নাম	আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য সেবা কর্মীর সংখ্যা
১।	শ্লাষ্টার	০১
২।	কুক	০২
৩।	আয়া	০২
৪।	টেবিলবয়	০২
৫।	সহকারী কুক	০২
৬।	নিরাপত্তা প্রহরী	০৪
৭।	পরিচ্ছন্নতা কর্মী	০৪
৮।	ডেম	০২
৯।	লাইভেরী এ্যাটেনডেন্ট	০১
মোট =		২০ (বিশ) টি পদ

উপর্যুক্ত থে, অফিস সহায়ক পদটি আউটসোর্সিংয়ের পরিবর্তে রাজস্বখাতে সৃজন ও নিয়োগে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে।

শর্তাবলীঃ

- (১) সেবা ক্রয়কারী আউটসোর্সিং এর জন্য নির্ধারিত সেবাসমূহ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুসরণপূর্বক সেবা গ্রহণ করবে;
- (২) আউটসোর্সিং এর জন্য নির্ধারিত সেবাসমূহের তালিকা, প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা অনুসরণপূর্বক সেবাক্রয় করতে হবে;
- (৩) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর শারীরিক সক্ষমতা থাকতে হবে;
- (৪) সেবা ক্রয়কারী আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা সেবা প্রদানকারী ব্যক্তি নির্বাচন করবে;
- (৫) সরকারি তহবিল দ্বারা আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর ক্যাটাগরি, সংখ্যা ও যোগ্যতা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ নির্ধারণ করবে;
- (৬) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর ব্যাক্তির বয়সমীমা ১৮-৬০ বছর হবে;
- (৭) আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা প্রযোজ্য হবে;
- (৮) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।
- (৯) অর্থ বিভাগের গরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯ তারিখঃ-১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;
- (১০) জনবল পূরণের ১৫ দিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করতে হবে।

সংযুক্তঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

ঘৃঃ-

(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৬০৫১

email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ

পাবনা মেডিকেল কলেজ

পাবনা।

অনুলিপিৎ (জোটভার ক্রমানুসারে নথি)

- ১। মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।  
 ৪। সিটেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।  
৬। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

২১.১০.২০১৯

(মোহাম্মদ মোহসীন উদ্দিন)  
উপসচিব